

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে ৫ দফা দাবী

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নির্দলীয় ছাত্র সংগঠন ষ্টুডেন্টস সলিডারিটি গত ৪ঠা সেপ্টেম্বর এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করে যে, কর্তৃপক্ষ আকস্মিকভাবে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করিয়া ১৫ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎকে এক ভয়াবহ সংকটে ঠেলিয়া দিয়াছেন। কর্তৃপক্ষের এই অমানবিক ও মনগড়া সিদ্ধান্তে ছাত্রছাত্রীরাই শুধু নয় অভিভাবক মহলসহ সচেতন মানুষকে গভীরভাবে উদ্দিগ্ন করিয়াছে। সাংবাদিক সম্মেলনে এক পরিসংখ্যান দিয়া বলা হয়, ১৯৯৭ সাল হইতে ৯৯ সনের আগষ্ট পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনির্ধারিত বন্ধ ছিল ১৬৩ দিন। নির্ধারিত-অনির্ধারিত বন্ধের কারণে গত বছরে বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত ক্লাসের ৪৫ শতাংশও অনুষ্ঠিত হয় নাই। ফলে সেশনজট ক্রমশঃ ভয়াবহ রূপ নিয়াছে। প্রত্যেক বিভাগে ন্যূনতম এক বছরের সেশনজট রহিয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, আট কোটি টাকা বাজেট ঘাটতি পোষাইবার অজুহাতে ছাত্রাবাস বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। একই অজুহাতে গত বছর বেতন-ফি হ্রাস করা হয়। সাংবাদিক সম্মেলনে বক্তারা প্রশ্ন করেন বাজেট ঘাটতির জন্য কি ছাত্র-ছাত্রীরাই দায়ী? সলিডারিটি নেতৃবৃন্দ বলেন, সমস্যা যেহেতু ছাত্র-শিক্ষক সকলের সেইজন্য যৌথভাবে এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা উচিত। বরাদ্দ বৃদ্ধির দাবীতে প্রয়োজনে আলোচনে নামার জন্য নেতৃবৃন্দ ছাত্র শিক্ষকদের যৌথ কর্মসূচীর উপর গুরুত্বারোপ করেন। নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন যে, কর্তৃপক্ষ ক্যাম্পাস বাস চালুর সিদ্ধান্তের মাধ্যমে ফলপ্রসূ আলোচনার পর শীঘ্রই বিশ্ববিদ্যালয় খুলিয়া দিবেন। আলোচনায় আহৃত ছাত্র সংগঠন নেতৃবৃন্দকেও সুরণ রাখিতে হইবে যে, ১৫ হাজার ছাত্র-ছাত্রী তাহাদের আলোচনার ফলাফলের দিকে তাকাইয়া আছে। ক্যাম্পাস বাস চালু ব্যতীত কোন বিকল্প সিদ্ধান্ত ছাত্রসমাজ মানিয়া নিবে না। সাংবাদিক সম্মে-

লনে ক্যাম্পাস বাস চালুর সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ছাত্রবাস ক্রয় করারও দাবী জানান হয়। সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে ৫ দফা দাবীনামা উপস্থাপন করা হয়। দাবীগুলির মধ্যে রহিয়াছে : অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দিয়া ক্রমবর্ধমান সেশন জট নিরসন, ক্যাম্পাস বাস চালু এবং নিজস্ব বাস ক্রয়, ক্যাম্পাসে অতিরিক্ত রিক্সা ভাড়া কমাইতে ব্যবস্থা গ্রহণ, রেললাইন সংস্কার, বগিবিদ্ধি ও ট্রেনের আধুনিকায়নের ব্যবস্থা এবং ক্যাম্পাসের গাছপালাসহ সকল সম্পদের সুষ্ঠু রক্ষণাবেক্ষণের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন ষ্টুডেন্টস সলিডারিটির সভাপতি মুহাম্মদ মাহফুজুর রহমান, সিনিয়র সহ-সভাপতি জসিম উদ্দিন টিপু প্রমুখ।